

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্জেস করা হয়, আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল, -এ কথার অর্থ কি?

উত্তর: বল, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই, এই সাক্ষ্য দেওয়ার অর্থ, আল্লাহ ব্যতীত সত্যিকার কোনো মাবুদ নেই। আল্লাহ তা আলা বলেন,

﴿ وَإِذا ۚ قَالَ إِبالَهِ مِهُ لِأَبِيهِ وَقُواهِ مِنَ إِنَّنِي بَرَآءا مِمَّا تَعالَبُدُونَ ٢٦ إِلَّا ٱلَّذِي فَطَرَنِي فَإِنَّهُ السَيَها دِينِ ٢٧ وَجَعَلَهَا كَلِمَةَ اللَّهِ اللَّهِ عَقِبِهِ اللَّهُما يَرا جِعُونَ ٢٨ ﴾ كَلِمَةَ اللَّهُ فِي عَقِبِهِ الْعَلَّهُمَ يَرا جِعُونَ ٢٨ ﴾ [الزخرف: ٢٦، ٢٦]

"আর স্মরণ কর যখন ইবরাহীম স্বীয় পিতা ও তার কওমকে বলেছিল, তোমরা যেগুলোর ইবাদত কর, নিশ্চয় আমি তাদের থেকে মুক্ত। তবে তিনি ছাড়া যিনি আমাকে সৃষ্টি করেছেন। অতঃপর নিশ্চয় তিনি আমাকে শীঘ্রই হিদায়াত দিবেন। আর এটিকে সে তার উত্তরসূরিদের মধ্যে এক চিরন্তন বাণী বানিয়ে রেখে গেল, যাতে তারা সেদিকেই প্রত্যাবর্তন করতে পারে"। [আয-যুখরুফ, আয়াত: ২৮] অপর আয়াতে বলেন,

(القمان: ٣٠) ﴿ وَلِكَ بِأَنَّ ٱللَّهَ هُوَ ٱلسَّحَقُّ وَأَنَّ مَا يَدا عُونَ مِن دُونِهِ ٱلسَّبِطِلُ وَأَنَّ ٱللَّهَ هُوَ ٱلسَّحَلِيُّ ٱلسَّكَبِيرُ ٣٠﴾ [لقمان: ٣٠] "এগুলো প্রমাণ করে যে, নিশ্চয় আল্লাহই সত্য এবং তারা আল্লাহর পরিবর্তে যাকে ডাকে, তা বাতিল। নিশ্চয় আল্লাহই হলেন সর্বোচ্চ, সুমহান"। [সূরা লুকমান, আয়াত: ২৯]

আর মুহাম্মাদ আল্লাহর রাসূল, এই সাক্ষ্য দেওয়ার অর্থ, আমরা বিশ্বাস ও স্বীকার করি যে, তিনি আল্লাহর বান্দা ও রাসূল। তিনি বান্দা, তার ইবাদত করা যাবে না, তিনি নবী, অস্বীকার করা যাবে না। তিনি যা নির্দেশ করেন তা মানতে হবে এবং যে সংবাদ দেন, তা বিশ্বাস করতে হবে। তিনি যা থেকে নিষেধ ও সতর্ক করেছেন তা থেকে বিরত থাকতে হবে। আর তিনি যা প্রবর্তন করেছেন, তা ব্যতীত অন্য কিছুর মাধ্যমে আল্লাহর ইবাদত করা যাবে না।

উম্মতের ওপর তার হক হচ্ছে, সম্মান ও মর্যাদা দান করা, ভালোবাসা এবং প্রত্যেক সময় ও মুহূর্তে নিঃশর্ত ভাবে সাধ্যানুযায়ী তার অনুসরণ করা। আল্লাহ তা'আলা বলেন,

[۳۱] ﴿ ثَانُوبَكُمْ اَللَّهُ فَاتَّبِعُونِي يُحابِبِا كُمُ اَللَّهُ وَيَغافِرا اَكُمْ اَللَّهُ وَيَغافِرا اَكُمْ اللَّهُ وَيَغافِرا اللَّهُ وَيَغافِرا اللَّهُ وَيَغافِرا اللَّهِ اللَّهُ اللَّا اللَّا اللّهُ اللّه



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9945

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন